গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
ই-গভঃ ও আইসিটি অধিশাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.moind.gov.bd

স্মারক নং-৩৬.০০.০০০০.০৭৩.১৬.০০৫.১৭.৩৩

তারিখঃ ১৪/০২/২০১৭ খ্রিঃ।

**বিষয়ঃ শিল্প মন্ত্রণালয়ের ইনোভেশন টিমসমূহের ২০১৭ সালের বাৎসরিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের বাৎসরিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৮৩১.৪৫.০০১.১৫.০৪ তারিখঃ ০৩ জানুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ২০১৭ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা এবং ২০১৬ সালের উদ্ভাবন-সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১৮ (আঠার) পাতা।

14.02.2017

(মোহাম্মদ মসিউর রহমান)
উপসচিব
(ই-গভঃ, আইসিটি ও এমআইএস)
ফোনঃ ৯৫৫১৬১২
ই-মেইলঃ dsict@moind.gov.bd

**মন্ত্রিপরিষদ সচিব**
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।

(দৃঃ আঃ জনাব মোঃ শাহগীর আলম, সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।

# শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক গৃহীত ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা

(১) শিল্প মন্ত্রণালয়

| ক্রমিক নং | করণীয় বিষয় | বাস্তবায়নকারী | বাস্তবায়ন প্রক্রিয়া | প্রত্যাশিত ফল | মেয়াদ | প্রাক্কলিত ব্যয় |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ |
| ০১. | সকল কর্মকর্তাকে দাপ্তরিক ই-মেইল ব্যবহারে অভ্যস্ত করে তোলা। | শিল্প মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগ | প্রত্যেক কর্মকর্তার জন্য দাপ্তরিক ই-মেইল ঠিকানা দেয়া আছে। প্রতিদিন কর্মদিবসের শুরুতে, মধ্যভাগে ও শেষভাগে অন্তত: তিনবার কর্মকর্তাগণ ই-মেইল খুলে বার্তা দেখবেন এবং বার্তার সাথে সংশ্লিষ্টগণ বার্তার জবাব প্রদান করবেন। এ বিষয়ে প্রশাসন থেকে দাপ্তরিক আদেশ জারি করতে হবে। | অনুবিভাগ/অধিশাখা/ শাখাসমূহের মধ্যে দাপ্তরিক কার্যক্রমে সমন্বয় সাধিত হবে। | ০১ (এক) দিন | কোন আর্থিক সংশ্লেষ নেই। |
| ০২. | ই-টেলিফোন ডিরেক্টরি | শিল্প মন্ত্রণালয়ের আইসিটি অধিশাখা। | ১। সিস্টেমটি ওপেন সোর্সের মাধ্যমে তৈরি করা হবে।<br>২। এপ্লিকেশনটি তৈরির পর প্রঃ (সাঃ সেঃ) অধিশাখার সংশ্লিষ্ট কর্মচারী টেলিফোন লিস্ট আপডেট হওয়ার সাথে সাথে আপডেট তারিখসহ এপ্লিকেশনে আপলোড করবেন।<br>৩। অনুবিভাগ/অধিশাখা/শাখার কর্মকর্তা/কর্মচারী প্রয়োজন মাফিক আপডেট তারিখ দেখে লিস্টটি ডাউনলোড করে নিবেন (যদি প্রয়োজন হয়)। | ১। টেলিফোন লিস্টটি প্রতিবার আপডেট করার পর একটি এপ্লিকেশনে আপলোড করা থাকবে।<br>২। লোকাল এরিয়া নেটওয়ার্কে থাকা যে কেউ লিস্টটি ডাউনলোড/প্রিন্ট করে নিতে পারবেন।<br>৩। বিতরনের ঝামেলা নেই, লিস্টটি প্রিন্ট, ফটোকপি ও বিতরণের কোনো বাহকের প্রয়োজন হবে না।<br>৪। সময় ও ভিজিট কমবে। | জানুয়ারি থেকে জুন ২০১৭ | কোন আর্থিক সংশ্লেষ নেই। |
| ০৩. | ই-মিটিং সিডিউল | শিল্প মন্ত্রণালয়ের আইসিটি অধিশাখা। | ১। সিস্টেমটি ওপেন সোর্সের মাধ্যমে তৈরি করা হবে।<br>২। সভা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজনের পত্র প্রশাঃ (সাঃ সেঃ) অধিশাখায় পত্র প্রেরণের সাথে সাথে উক্ত অধিশাখা এপ্লিকেশনে তথ্যটি যুক্ত করে দিবেন।<br>৩। এর ফলে নতুন সভা আয়োজনকারী অনুবিভাগ/অধিশাখা/ শাখা থেকে তথ্যটি দেখতে পাবেন এবং স্লট অনুযায়ী সভা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন করতে পারবেন। | ১। সভা/সেমিনার/প্রশিক্ষণের তথ্য এপ্লিকেশনে যুক্ত করা থাকবে। নেটওয়ার্কে থাকা যে কেউ তথ্যটি দেখতে পাবেন। কখন কোন মিটিং হচ্ছে, সভাপতি হিসেবে কে আছেন।<br>২। সভা/সেমিনার/প্রশিক্ষণের আয়োজনের পূর্বে এপ্লিকেশনটি দেখে সভার সময় ও তারিখ নির্ধারণ সহজ হবে।<br>৩। একই সময়ে দুটি মিটিং পড়ার সম্ভাবনা কম হবে।<br>৪। সময় ও ভিজিট কমবে। | জুলাই থেকে ডিসেম্বর ২০১৭ | কোন আর্থিক সংশ্লেষ নেই। |

# উদ্ভাবন কার্যক্রম বাৎসরিক কর্মপরিকল্পনা

## মন্ত্রণালয় : শিল্প মন্ত্রণালয়

## বিবেচ্য সাল - ২০১৬

| ক্রমিক নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়ন কাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণ গত কী পরিবর্তন আসবে) | পরিমাণ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|
| | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ১ | ইনোভেশন টিমের মাসিক সভা নিয়মিত আহবান। | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | চিফ ইনোভেশন অফিসার | ইনোভেশন বিষয়ে মন্ত্রণালয়ের চলমান কার্যক্রম নিয়মিত মনিটর করা। | মাসিক সভার কার্যবিবরণী। |
| ২ | ইনোভেশন প্রস্তাব আহবান (মাসিক ভিত্তিক) | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | ইনোভেশন টিম | সকল কর্মকর্তার নিকট হতে ইনোভেশন প্রস্তাব সংগ্রহ। | প্রাপ্ত প্রস্তাবের সংখ্যা। |
| ৩ | মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় ইনোভেশন টিম কর্তৃক বাছাইকৃত ইনোভেশন প্রস্তাবসমূহ উপস্থাপন। | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | ইনোভেশন টিম | মাসিক সমন্বয় সভা কর্তৃক ইনোভেশন প্রস্তাব অনুমোদন। | অনুমোদিত ইনোভেশন প্রস্তাব। |
| ৪ | মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের ফোকাল পয়েন্টদের নিয়ে ৩ মাস অন্তর সভা আহবান। | ত্রৈমাসিক | ত্রৈমাসিক | ইনোভেশন টিম | দপ্তর/সংস্থার ইনোভেশন কার্যক্রম মনিটর করা। | ত্রৈমাসিক সভার কার্যবিবরণী। |
| ৫ | শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন ১১ টি দপ্তর/ সংস্থার ই-সেবায় রূপান্তিরত সেবাসমূহ এবং আইসিটি কার্যক্রম মন্ত্রণালয়ের ইনোভেশন টিম কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরেজমিন পরিদর্শন। | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | ইনোভেশন টিম | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি ত্বরান্বিত করা। | পরিদর্শনের সংখ্যা |
| ৬ | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের ৬০ ঘন্টা প্রশিক্ষণ। | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | ইনোভেশন টিম/ যুগ্ম সচিব (প্রশাসন) | সেবা সহজীকরণ বিষয় সম্পর্কে তাত্বিক ও বাস্তব ধারণা প্রদান। | প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাদের সংখ্যা। |
| ৭ | ইনোভেশন প্রস্তাব প্রদানকারী ও বাস্তবায়নকারীদের প্রনোদনা প্রদান। | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | ইনোভেশন টিম/ যুগ্ম সচিব (প্রশাসন) | ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমে উৎসাহিতকরণ। | প্রনোদনা প্রাপ্ত কর্মকর্তাদের তালিকা। |
| ৮ | ইনোভেশন প্রস্তাব গ্রহণে সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | ইনোভেশন টিম | সামাজিক যোগাযোগ মাধ্যমে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম অবহিতকরণ এবং এ বিষয়ে সংশ্লিস্টদের মতামত ও পরামর্শ গ্রহণ। | সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রদত্ত পোষ্ট ও এ বিষয়ে প্রাপ্ত মাতমত। |

=০২=

| ক্রমিক নং | প্রস্তাবিত বিষয় (গৃহীতব্য কাজের নাম) | বাস্তবায়ন কাল | | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুণগত বা পরিমাণ গত কী পরিবর্তন আসবে) | পরিমাণ (প্রত্যাশিত ফলাফল তৈরি হয়েছে কি না তা পরিমাপের মানদন্ড) |
|---|---|---|---|---|---|---|
| | | শুরুর তারিখ | সমাপ্তির তারিখ | | | |
| ৯ | সেবা পদ্ধতি সহজীকরণ, ই-ফাইলিং, ইনোভেশন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও ওয়ার্কশপ/ সেমিনার আয়োজনের জন্য এটুআই ও সংশ্লিষ্ট অনান্য প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সাথে যোগাযোগ করা। | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | ইনোভেশন টিম | কর্মসূচী বাস্তবায়নে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহযোগিতা পাওয়া যাবে। | যোগাযোগের মাধ্যমে আয়োজিত অনুষ্ঠান সংখ্যা। |
| ১০ | অনুমোদিত আইডিয়াসমূহ পাইলটিং এর বাবস্থাকরণ। | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা | ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন আরম্ভ। | পাইলট প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন। |
| ১১ | মন্ত্রণালয় ও অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক বাস্তবায়িত ইনোভেশন পর্যালোচনার পর পুরোদমে বাস্তবায়নের উদ্যোগ (স্কেলআপ)। | জানুয়ারি, ২০১৬ | ডিসেম্বর, ২০১৬ | ইনোভেশন টিম | বাস্তবায়িত আইডিয়া a2i আইডিয়া ব্যাংকে জমাদান এবং নিয়মিতভাবে এ ধরণের কার্যক্রম গ্রহণ আরম্ভকরণ। | ইনোভেশন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন। |